

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এ বছর ‘খ’ ইউনিটে ২৩ দশমিক ৭২ শতাংশ শিক্ষার্থী ভর্তির জন্য বিবেচিত হয়েছে।

গতকাল রবিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে এক সংবাদ সম্মেলনে উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান ফল প্রকাশ করেন। এ সময় কলা অনুষদের ডিন ও ‘খ’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক আবু মো. দেলোয়ার হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক মো. রহমত উল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, ‘খ’ ইউনিটের দুই হাজার ৩৭৮ সিটের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নেয় ৪২ হাজার ৯৫৪ জন। তাদের মধ্যে ১০ হাজার ১৮৮ জন ভর্তির জন্য বিবেচিত হয়েছে। নৈর্ব্যক্তিক অংশে পাস করেছে ১৮ হাজার ৫৮১ জন।

আরো জানানো হয়, উত্তীর্ণ এক থেকে ছয় হাজার মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী বুধবার ১৬ অক্টোবর বিকেল ৫টা থেকে ৩১ অক্টোবর বিকেল ৪টা পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ১৬ অক্টোবর থেকে ২৩ অক্টোবরের মধ্যে কলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে। ফরম যথাযথভাবে পূরণ করে একই অফিসে জমা দিতে হবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com